

৩ক. বারোইয়ারি পূজার সময় উনিশ শতকের কলকাতার যে চালচিত্র হতোম এঁকেছেন তাতে তাঁর পর্যবেক্ষণ-শক্তির কী কী বৈশিষ্ট্য লক্ষ কর, জানাও। ১০

অথবা

৩খ. ‘মিউটিনি’ নকশাটিতে হতোমের রাজনৈতিক ভাবনার কোনো দ্বিধা বা সংশয় চোখে পড়েছে কি? তোমার অভিমত জানাও। ১০

৪ক. ‘আলালের ঘরের দুলাল’-এ প্যারীচাঁদ যেভাবে নীতিকথার জাল বুনেছেন তা উপন্যাসের শিল্পরূপের সঙ্গে সংগতিপূর্ণ নয়। এই মন্তব্যের প্রেক্ষিতে তোমার মতামত যুক্তিসহ লেখো। ১০

অথবা

৪খ. ‘আলালের ঘরের দুলাল’-এ চরিত্রগুলি সমাজের নানা বর্গের প্রতিনিধিত্ব করলেও, প্রতিটি চরিত্র আসলে একমাত্রিক। এ বিষয়ে তোমার নিজস্ব মত জানাও। ১০

— X —

স্নাতকোত্তর অন্ত্য-সিমেস্টার পরীক্ষা, ২০১৮

(প্রথম বর্ষ, দ্বিতীয় সিমেস্টার)

বাংলা

বাংলা বিতর্কের গদ্য ও নকশা (সমাজ ও ভাষা)

কোর্স পি.জি - ২.২

সময় ২ ঘণ্টা

পূর্ণমান ৩০

যে কোনও তিনটি প্রশ্নের উত্তর দাও।

১. তর্কপ্রিয়তা ভারতসংস্কৃতির একটি চিরকালীন বৈশিষ্ট্য। উনিশ শতকের বাংলা গদ্য কি তার উত্তরাধিকার বহন করে বলে তুমি মনে কর? বাংলা বিতর্কের গদ্যের আদ্যুগের একটি প্রাথমিক রূপরেখা অঙ্কন করে এ বিষয়ে তোমার মতামত দাও। ১০

২ক. ‘প্রবর্তক’ আর ‘নিবর্তক’, দুজনকে সমান গুরুত্ব দিয়ে তর্কটাকে এগিয়ে নিয়ে যান বলেই রামমোহনের তর্ক গদ্যগুলি সফল হয়ে ওঠে। ‘সহমরণ’ বিষয় প্রবর্তক ও নিবর্তকের সম্মান বইটি অবলম্বনে কথাটি বুঝিয়ে দাও। ১০

অথবা

২খ. বহুবিবাহের বিরুদ্ধে তর্ক করতে গিয়ে বিদ্যাসাগরকে কেবল শাস্ত্রের সঙ্গে তর্ক করতে হয় তা নয়, তাঁর প্রতিপক্ষ হিসেবে তুলে ধরা হয় সমাজ, সংস্কার, ইতিহাসকেও। এই সবকিছুকে খণ্ডন করে বিদ্যাসাগর কীভাবে তাঁর তর্ক রচনা করে তোলেন, সংক্ষেপে তার পরিচয় দাও। ১০

(Turn Over)